জাব্দা জমা খরচ হইতে দৈনিক লাভ লোকসান দেখিবার আবশ্যক লে "রোজনিকাশী খতিয়ান" নামক একখানি স্বতন্ত্র খাতা রাখিতে হয় খাতার দৃষ্টে দৈনিক মুনফা জমা খরচ করিলেও করিতে পারা যায়। প দৈনিক মুনফা জমা খরচ করিতে হইলে প্রত্যেক দিনের জমা খরচ মিটাইয়া মুনফা খাতায় হিসাব তক্‌রার করিয়া রাখিলেই চলে। অর্থাৎ যে দিন যাহা মুনফা হয় তাহা মুনফা খাতায় জমা করিয়া খরিদ বিক্রয় হিসাবে খরচ লিখিয়া রাখিতে হয়।

পূর্ব্ব উল্লিখিত জাব্দা জমা খরচের ২০শে ও ২১শে চৈত্র তারিখের রোজ নিকাশী খতিয়ান লিখিয়া উহার কার্য্যপ্রণালী প্রদর্শিত হইতেছে।

জাবদা বহিতে লিখিত দৈনিক জমা খরচ সমূহ বাছিয়া রোজ নিকাশী খাতায় উল্লিখিতরূপে লিপিবদ্ধ করতঃ দৈনিক লাভ, লোকসান, দেনা-পাওনা খরিদ বিক্রয় ইত্যাদি স্থির করা যাইতে পারে। ঐ সকল জমা খরচের মধ্যে দেনা, পাওনা, খরচ, খরিদ, বিক্রয় জাবদা বহিতে দেখিতে পাওয়া যায়।

কেবলমাত্র মজুত মালের হিসাব হয়, খতিয়ান হইতে দেখিতে হয় আর না হয় একখানি স্বতন্ত্র খাতা রাখিতে হয়।

গুদাম বহি কাহাকে বলে ও তাহার লিখন প্রণালী।

"গুদাম বহি"—যাঁহারা দুই চারি রকম মালের খরিদ বিক্রয় করেন তাহারা খতিয়ানের দ্বারা (খতিয়ানে কোচিন তৈল খরিদ বিক্রয় খাতা দেখুন) মালের সংখ্যা অথবা পরিমাণের হিসাব রাখিতে পারেন এবং ইচ্ছামত খতিয়ানে খরিদের পরিমাণ হইতে বিক্রয়ের পরিমাণ বাদ দিয়া মজুত মালের পরিমাণ অবগত হইতে পারেন কিন্তু যাঁহারা বহুপ্রকার মালের এককালে খরিদ-বিক্রয় করেন তাহাদের মালের পরিমাণ অথবা সংখ্যার হিসাব স্বতন্ত্র বহিতে রাখিতে হয়। এই বহিকে "গুদাম বহি" বলে। ইহা খতিয়ানের ন্যায় বর্ণানুক্রমিক সূচীপত্র অনুযায়ী লিখিতে হয়। কেননা বহুপ্রকার মালের মধ্যে কোনও একটী মালের হিসাব দেখিতে হইলে সূচীপত্র ব্যতিরেকে অসুবিধা হয়। ইহাতে প্রত্যেক মালের হিসাব খতিয়ানের ন্যায় স্বতন্ত্র স্থানে লেখা উচিত।

যদ্যপি একই গুদাম হইতে একই কারবারের ভিন্ন ভিন্ন শাখায় মাল সরবরাহ করা হয়, তবে "গুদাম বহিতে" সেই কয়টী "রপ্তানীর জেলা" পত্তন করিতে হয়। (এ স্থলে "গুদাম বহি" লিখন প্রণালী প্রদর্শিত হইতেছে।)

একজন কাচের দ্রব্য ব্যবসায়ীর "গুদাম বহির" একটী দ্রব্যের হিসাব রক্ষণ প্রণালী প্রদর্শিত হইতেছে। উক্ত ব্যবসায়ীর পাশাপাশী দুইখানি [illegible]নের মাল এক গুদাম হইতে সরবরাহ করা হয়। যথা—

ওজন বহি কি ও তাহা লিখন প্রণালী।

গুদামের প্যাকীং (মোড়াই) বিভাগ পৃথক রাখিতে হয়। এবং প্যাকীং এর হিসাব রাখিবার জন্য স্বতন্ত্র খাতা রাখিতে হয়। গুদাম বহির কার্য্য পদ্ধতির সুবিধার জন্য ওজন বহি নামক আর একখানি খাতা রাখা আবশ্যক যে সকল দ্রব্য ওজন করিয়া ক্রয় বিক্রয় করা হয় তাহার ওজন প্রথমতঃ এই খাতায় বিশদরূপে লিখিয়া পরে সংক্ষেপে গুদাম বহিতে লিখিতে হয়। যে সকল কারবারের গুদাম বহি রাখিবার আবশ্যক হয় না, সেই সকল কারবারের খসড়া বহির দ্বারা ওজন বহির কার্য্য সম্পাদন করা হয়। ওজন দুই প্রকার। "ভমকা" ও "নিট"।

দ্রব্যের আধার সমেৎ একাধিক দ্রব্য একেবারে ওজন করাকে ভমকা ওজন বলে। যথা—২০ বস্তা চাউল ওজন করিবার সময় প্রত্যেক বারে ৫ বস্তা করিয়া ৪ চারি বারে ২০ বস্তা ওজন করা হইল এবং বস্তা সমেৎ ওজন করা হইল—এইরূপ ওজনকে ভমকা ওজন বলে।

"নিট"—আধারের পরিমাণ বাদ দিয়া প্রতিবার এক একটী করিয়া যাহা ওজন করা হয়, তাহাকে নিট ওজন বলে।—যেমন ২০ বস্তা চাউল ২০ বারে এক এক বস্তা করিয়া ওজন করা হইল। এবং একখানি বস্তার যাহা ওজন তাহা মোট ওজন হইতে বাদ দিয়া লেখা হইল, এইরূপ ওজনকে নিট ওজন বলে। ভমকা ওজনেরও মোটের উপর নিট করিয়া লইতে হয়—জাবদায় নিট পরিমাণ লিখিতে হয়।

"কড়তা"—আধার সমেত কোনও দ্রব্য ওজন করিয়া ঐ ওজন ফল হইতে আধারের ওজন বাদ দিয়া নিট করিতে হয়। দ্রব্যের আধারের ওজনকে কড়তা বলে। যেমন ১ বস্তা চাউলের ওজন হইল, ২/৫ সের এবং বস্তাখানির ওজন /১।০ পোয়া, বস্তায় অন্তর্গত চাউলের ওজন হইবে

২/৫ – /১৷০ = ২/৩৸০ এই ২/৫ সের কড়তা সমেৎ ওজন ইহার মধ্যে কড়তা /১৷০ ; কড়তা বাদে নিট ওজন হইল ২/৩৸০।

পূর্ব্বোল্লিখিত রূপে গুদাম বহির হিসাব রাখিলে জাবদা বহিতে প্রত্যেক দ্রব্যের খরিদ বিক্রয় হিসাব রাখিবার আবশ্যক হয় না, হরেক রকম মাল বিক্রয় খাতা ও হরেক রকম মাল খরিদ খাতা এইরূপ এক হিসাবেই সকল রকম মালের খরিদ বিক্রয় লিখিতে হয়।

জায় বহি কি ও তাহা লিখন প্রণালী।

"জায় বহি"—খরিদ্দারেরা যে সকল বরাত করেন তাহা প্রথমতঃ একখানি খাতায় ক্রমান্বয়ে তারিখ সমেত সময় মত লিপিবদ্ধ করিতে হয় এবং পরে রপ্তানী দিতে হয়। যে খাতায় এইরূপ খরিদ্দারের বরাত লেখা হয় তাহাকে "জায় বহি" বলে।

জায় বহি লিখন প্রণালী।

শ্রীশ্রী৺কালীমাতা—

জয়তী।

সন ১৩১৮ সাল।

ইং ১৯১২ সাল।

তারিখ—১লা বৈশাখ।

রবিবার—ইং ১৪ই এপ্রেল।

বরাত—	মন্তব্য—	রপ্তানী—
১নং জায়—	১ জ্যেষ্ঠ ডিউ—	পাবনা মোকামে—
রামযাদু গোস্বামী—	//দাং ডিউ বহি	নিজরোক—
মোঃ পাবনা—		চালান—
বেতি ২৯শে চৈত্র তারিখের—		
লিখিত চিঠি অনুযায়ী—		
বড় ঝুন ঝুনা—		
১ গ্রোস—		
মোটর তাস—		
১ গ্রোস—		
গোপালচন্দ্র চক্রবর্ত্তী—	১ জ্যৈষ্ঠ ডিউ—	বেলেঘাটা মোকামে
মোঃ বেলেঘাটা—	//দাং ডিউ বহি	নিজরোক—
গুঃ রামযাদু দালাল—		চালান—
রিমেন্স ল্যাভেণ্ডার ওয়াটার—		
১ ডজন— দর—১৫৲ হিসাবে		

(দালালের সহি)

শ্রী————

সওদা বহি কি ও তাহা লিখন প্রণালী।

"সওদা বহি"—মহাজনের নিকট মাল খরিদ করিয়া ঐ মাল আমদানী না হওয়া পর্য্যন্ত খরিদের বিবরণ একটী খাতায় লিখিয়া রাখিতে হয়। ইহাকে সওদা বহি বলে। ইহা ঠিক জায় বহির বিপরীত। সওদা বহি লিখন প্রণালী যথা—

বেনিতী মশলা ও বিলাতী তৈল খরিদ বিক্রয় করেন এইরূপ একব্যক্তির সওদা বহি

তারিখ—১লা বৈশাখ।

রবিবার—ইং ১৪ই এপ্রিল।

আমদানী—	মন্তব্য—	বরাত—
১৫ই বৈশাখ—	ডিউ ১৫ই জ্যৈষ্ঠ—	১নং জায়—
১নং জায় আমদানী—	//দাঃ ডিউ বহি	মহম্মদ ইউসুফ কোং
		মোঃ আমড়াতলা—
		গুঃ গজরাজ দালাল—
		ইষ্টীমার মঙ্গলা—
		আউতী সওদা—
		জিরে ২০০ বস্তা—
		দর—১৮৲ হিসাবে
		(দালালের সহি)
		শ্রী————

আমদানী—	মন্তব্য—	বরাত—
৩০শে জ্যৈষ্ঠ—	২৮শে জ্যৈষ্ঠ—	
২নং জায়—	ন্যাশানাল ব্যাঙ্কের মারফৎ হুণ্ডীভুক্তান করা হইল—	২নং জায়—

স্যাণ্ডার্শন এণ্ড সন্স—
মোং লণ্ডন—
গুঃ এণ্ডার্শন এণ্ড কোং
মোঃ ৬নং এজরাষ্ট্রীট
কলিকাতা—
ষ্টীমার মোমবাসা—
আউতী সওদা—
হোয়াইট অয়েল—
৫০০ পিপা—
দর ১১৲ হিসাবে—

(দালালের সহি)
শ্রী ——————

এণ্ডার্শন এণ্ড কোম্পানীর দালাল এস্থলে এণ্ডার্শন এণ্ড কোম্পানীর নাম ও নিচে ব কলম দিয়া সহি করিবেন।

আমদানী——	মন্তব্য——	বরাত——
২রা বৈশাখ—	ডিউ ১৫ই জ্যৈষ্ঠ—	
৩নং জায়—	//দাঃ ডিউ বহি	৩নং জায়—
		জগচ্চন্দ্র পান—
		মোঃ নিজ বাজার—
		গুঃ গজরাজ দালাল—
		তৈয়ারী সওদা—
		আগামী কল্য আমদানী—
		মরিচ ১০০ বস্তা—
		দর ১৬৲ হিসাবে—
		————————
		(দালালের সহি)
		শ্রী————

ডিউ বহি কি ও তাহা লিখন প্রণালী।

ডিউ ডেট—অর্থাৎ পাওনার দিন, যে দিবস টাকা পাওয়া যায়,—টাকা আদান প্রদান করিবার জন্য নির্দ্দিষ্ট সময়। ইহাকে মুদ্দৎ বা কড়ার বলে। নারিকেল তৈলের দেড় মাস—ডিউয়ের সময়—বলিলে বুঝিতে হইবে যে, ধারে নারিকেল তৈল খরিদ বিক্রয় করিলে ঐ খরিদ বিক্রয় দিবসের ঠিক দেড় মাস পরে ঐ মালের টাকা দিতে হইবে অথবা পাওয়া যাইবে।

যে মালের যতদিন পরে ডিউ ধার্য্য হয়, ডিউ বহিতে ততদিন পূর্ব্বে তারিখ পত্তন করিয়া লিখিতে হয়। যেমন ১৫ই চৈত্র নারিকেল তৈল ক্রয় করা গেল, ১লা জ্যৈষ্ঠ ইহার ডিউ হইবে। ঐ ১৫ই চৈত্র তারিখেই ডিউ বহির ১লা জ্যৈষ্ঠ তারিখ পত্তন করিয়া ডিউ লিখিয়া রাখিতে হইবে।

চালান কি ও তাহা লিখন প্রণালী।

চালান—

প্রেরক কর্ত্তৃক, গ্রাহককে যে প্রেরিত মালের লিখিত বিবরণী দেওয়া হয় তাহাকে চালান বলে।

চালান লিখন প্রণালী।

শ্রীশ্রী৺কালীমাতা—

জয়তি।

সন ১৩১৮।—

ইং ১৯১২।—

(প্রেরকের সহি)

চালান নং ১

তারিখ— ২০শে চৈত্র—

খরিদ্দার—

শ্রীরামদুলাল ঘোষ—

মোঃ দাসপুর—

খরচ——৭৴

শুঃ খোদ—

কোং নাঃ তৈল—

৪৴০ মণ—

দঃ ১৯॥০ হিঃ—৭৮

৺ বৃত্তি অথবা অন্যান্য যে কোন কারণে যাহা কিছু খরচ পড়ে চালানে সেই সমুদয় সম্পূর্ণরূপে লিখিয়া দিতে হয়।

পূর্ব্বোল্লিখিত জাবদা জমা খরচের মধ্যে ২০শে চৈত্র তারিখে রামদুলাল ঘোষ নামক যে খরিদ্দার মাল লইয়াছে ঐ মাল প্রেরণ করিয়া

জমা খরচ করতঃ সেই জমা খরচের প্রতিলিপি ঐ ব্যক্তিকে প্রদত্ত হইল এই চালান দেখিয়া ঐ ব্যক্তি আপনার খাতায় জমা খরচ করিবেক। ইহাই এইরূপ প্রতিলিপি (চালান) দিবার প্রধান উদ্দেশ্য।

যদ্যপি মাল রেল কিম্বা ষ্টীমারের সাহায্যে প্রেরিত হয়, তবে রেল কিম্বা ষ্টীমারের রসিদের সহিত এই চালান (প্রেরিত মালের জমা খরচের প্রতি-লিপি) খরিদ্দারের নিকট প্রেরণ করিতে হয়। কারণ এই চালানের দ্বারা গ্রাহক দর দাম মালের বিবরণ ইত্যাদি অবগত হইয়া তদনুসারে জমা খরচ করেন। চালান খামের মধ্যে দিয়া ডাকযোগে প্রেরণ করা যাইতে পারে।

ভিঃ পিঃ পার্শেলের হিসাব রাখিবার উপায়।

যে সকল কারবারে প্রত্যহ বহুসংখ্যক ভ্যালুপেবল পার্শেল প্রেরণ করিতে হয়। সেই সকল কারবারে ভ্যালুপেবল পার্শেলের হিসাব রাখি-বার জন্য স্বতন্ত্র বহি রাখা আবশ্যক। এই বহিতে প্রত্যেক পার্শেলের ক্রমিক নম্বর দিয়া বিস্তৃত বিবরণ লিখিতে হয়। এবং প্রতিদিনের সমস্ত পার্শেলের মূল্য একুন করতঃ উহা জাবদা বহিতে—ভ্যালুপেবল পার্শেল খাতা—হিসাবে খরচ লিখিতে হয়। যে দিন ভ্যালুপেবলের দরুণ যত টাকা পাওয়া যায় তাহার রসিদ দৃষ্টে ভ্যালুপেবলের হিসাব বহিতে,—লাল কালিতে আদায় লিখিয়া জাবদা বহিতে ভ্যালুপেবল পার্শেলের হিসাবে জমা করিয়া লইতে হয়। * যাহা অনাদায়ী থাকে খতিয়ানে তাহা পাওনার স্বরূপ ধরিতে হয়। লাল কালিতে আদায় লিখিলে কোন কোন পার্শেলের টাকা পাওয়া গেল এবং কোন কোন পার্শেলের টাকা বাকি রহিল তাহা সহজে বুঝিতে পারা যায়। যে সকল পার্শেল ফেরৎ আইসে তাহাও মন্তব্যের ঘরে ফেরৎ লিখিয়া জাবদা বহিতে জমা করিয়া লইতে হয়। জাবদা বহিতে,—ভ্যালুপেবল পার্শেল

খাতায়—যাহা খরচ লেখা হয়, হরেক রকম মাল বিক্রয় হিসাবে তাহা তফরার করিয়া লইতে হয়।

যে তারিখে মোট যত টাকার পার্শেল প্রেরিত হয়, তাহার যোগফলের সহিত পূর্ব্ববর্ত্তী দিবসের অনাদায়ী টাকার সংখ্যা যোগ করিতে হয় এবং ঐ যোগফল হইতে প্রত্যেক দিনের আদায়ের সংখ্যা বাদ দিয়া অনাদায়ী টাকার সংখ্যা স্থির করিতে হয়।

বিস্তৃত কারবারের হিসাব রাখিবার উপায়।

যে সকল কারবারে বহুসংখ্যক ব্যক্তির সহিত দেনা পাওনা করিতে হয়, সেই সকল কারবারের কার্য্য প্রণালী বিভাগ করিয়া হিসাব রাখা আবশ্যক। কেননা একখানি মাত্র জাবদা বহি ও খতিয়ানের দ্বারা দৈনিক ৩।৪ শত জমা খরচ করিয়া দুই হাজার নামের দেনা, পাওনা, হিসাব রাখা অসম্ভব। যদিও কোন প্রকারে দেনা পাওনার হিসাব রাখা যায় তাহাতে নানারূপ ভুল ভ্রান্তি হইবার সম্ভাবনা থাকে। বরং একখানি জাবদায় অনেক নামের জমা খরচ করা চলে, কিন্তু একখানি খতিয়ানে বহু সংখ্যক নামের হিসাব রাখা অসম্ভব।

কার্য্য প্রণালীর বিভাগ।—নিম্নলিখিতরূপে বিস্তৃত কারবারের কার্য্য প্রণালী বিভাগ করিয়া লইতে হয়। যথা—

১ম সংবাদ আদান প্রদান বিভাগ। এই বিভাগে জায় বহি ও চিঠি পত্রের নকল বহি এবং চিঠি পত্র লিখিতে হয়।

২য় গুদাম বিভাগ। এই বিভাগে আমদানী রপ্তানী মালের এবং খরিদ বিক্রয়ের হিসাব লিখিতে হয়।

৩য় পার্শ্বেল বিভাগ। এই বিভাগে পার্শ্বেল সংক্রান্ত হিসাব লিখিতে হয়।

৪র্থ রোকড় বিভাগ। এই বিভাগে নগদ টাকার হিসাব লিখিতে হয়।

৫ম হিসাব নিকাশ বিভাগ। এই বিভাগে খতিয়ান লিখিতে হয়।

জাবদা বহিকে নিম্ন লিখিত কয়েক ভাগে ভাগ করিতে হয়।

১ম রোকড় বহি। ইহাতে কেবলমাত্র নগদ টাকার জমা খরচ সমূহ লিখিত হয়। ইহা রোকড় বিভাগে রাখিতে হয়। জোড় তারিখ ও বিজোড় তারিখ অনুসারে দুই প্রস্থ খাতা রাখা আবশ্যক জোড় তারিখের জমা খরচের হিসাব, নিকাশ, খতিয়ান বিজোড় তারিখে লিখিতে হয়, এবং বিজোড় তারিখের হিসাব জোড় তারিখে লিখিতে হয়।

২য় আমদানী রপ্তানী চালান বহি। এই বহি গুদামে রাখিতে হয়। এবং খরিদ বিক্রয় তক্‌রার করিয়া জোড় বিজোড় অনুসারে, হিসাব নিকাশ খতিয়ান, পর্য্যায়ক্রমে লিখিতে হয়।

৩য় রোজ নিকাশী খতিয়ান। এই বহি হিসাব নিকাশ বিভাগে রাখিতে হয়। ইহাতে হিসাব তক্‌রার প্রণালীর জমা খরচ সমস্ত লিখিয়া দৈনিক দেনা পাওনা লাভ লোকসান ইত্যাদি স্থির করিতে হয়। ইহা দুই প্রস্থ রাখিবার আবশ্যক হয় না ও এই খাতা "খতিয়ান বিভাগ" হইতে অন্য কোন কার্য্যের জন্য কখনও স্থানান্তর করিবার আবশ্যক হয় না।

খতিয়ান লিখন প্রণালী বিভাগ।

বর্ণানুক্রমিক সূচীপত্র একখানি স্বতন্ত্র খাতায় লিখিয়া আবশ্যকমত ঐ সমুদয় বর্ণের বিভাগ করতঃ পৃথক পৃথক খতিয়ানে পৃথক পৃথক হিসাব রাখিতে হয়। অর্থাৎ ৬খানি খতিয়ান রাখিয়া প্রথম খতিয়ানে ক বর্গ (অর্থাৎ ক অবধি ঙ পর্যান্ত আদ্য অক্ষর বিশিষ্ট নাম সমূহ দ্বিতীয় খতিয়ানে চ বর্গ) ইত্যাদি রূপে নাম সমূহ ভাগ করিয়া লইতে হয়। এবং ঐ সকল বিভক্ত খতিয়ানের ক অংশ খতিয়ান খ অংশ খতিয়ান ইত্যাদি নাম দিতে হয়। জোড় বিজোড় খাতা রাখিবার উদ্দেশ্য এই যে, একই খাতায় গুদামের এবং হিসাব নিকাশের কাজ করিতে অসুবিধা হয়। এই জন্য ১—৩—৫ ইত্যাদি বিজোড় তারিখের জন্য বিজোড় খাতা এবং ২—৪—৬ ইত্যাদি জোড় তারিখের জন্য জোড় খাতা রাখা আবশ্যক। বিজোড় তারিখের খাতায় যখন হিসাব নিকাশের কাজ হইবেক জোড় তারিখের খাতায় তখন গুদাম অথবা তহবিলের (রোকড় বিভাগের) কাজ চলিতে পারে। জোড় তারিখের জমা খরচ সমূহ জোড় তারিখের খাতায় এবং বিজোড় তারিখের জমা খরচ সমূহ বিজোড় তারিখের খাতায় লিখিতে হয়। বিজোড় তারিখের খাতায় হিসাব নিকাশ খতিয়ান জোড় তারিখে লিখিতে হয়। এবং জোড় তারিখের খাতার জমা খরচ সমূহের হিসাব নিকাশ খতিয়ান বিজোড় তারিখে লিখিতে হয়।

অর্থাৎ মাসের ১লা তারিখে যে সকল জমা খরচ করিতে হইবে ঐ সকল জমা খরচ আমদানী রপ্তানী চালান বহিতে লিখিতে আরম্ভ করা হইল, এরূপ ক্ষেত্রে যদি ঐ খাতা দুই প্রস্থ না থাকে তাহা হইলে ১লা তারিখের খতিয়ান করিবার সুবিধা হয় না কারণ একই খাতায় একেবারে দুই কাজ চলিতে পারে না সেই জন্য দুই প্রস্থ রাখা আবশ্যক। ১লা তারিখে বিজোড় খাতায় জমা খরচের কাজ চলিতে লাগিল ও জোড় খাতায়

পূর্ব্ববর্ত্তী ৩০শে তারিখের খতিয়ান হিসাব নিকাশ ইত্যাদির কার্য্য চলিতে লাগিল। অতএব দুই প্রস্থ খাতা রাখিলে এক দিন অগ্র পশ্চাৎ করিয়া প্রতি তারিখেই একবারে দুই কাজই ("হিসাব নিকাশ খতিয়ান" ও জমা খরচ লিখন) চলিতে পারে।

এইরূপ কারবারের দৈনিক মজুত মাল স্থির করিবার জন্য "মজুত মাল তেরিজ বহি" নামক আর একখানি খাতা রাখিতে হয়। যে দিবস যে মাল যে পরিমাণ মজুত থাকে গুদাম বহির মজুত মালের ঘর হইতে তাহা এই খাতায় পর পর তুলিয়া দর দাম ঠিক করিয়া লইতে হয়, ইহা মজুত মালের দৈনিক ফর্দ্দ ভিন্ন আর কিছুই নহে যেহেতু ইহার লিখন প্রণালীও তদ্রূপ (ফর্দ্দের ন্যায়) অর্থাৎ একটা দ্রব্যের নাম লিখিয়া তাহার ডান দিকে ঐ মজুত মালের পরিমাণ এবং ঐ পরিমাণের ডান দিকে ঐ মালের দর এবং দরের ডান দিকে দাম ফেলিতে হয় ও তাহার নিম্নে আর ১টা দ্রব্যের নাম লিখিয়া উল্লিখিত রূপে পরিমাণ দর, দাম ইত্যাদি ফেলিতে হয়। এইরূপ পরপর লিখিতে হয় এবং একটা পাতায় অকুলান হইলে পরবর্ত্তী পাতায় জের লইয়া যাইতে হয়; ইহাই মজুত মালের ফর্দ্দ লিখিবার প্রণালী।

ঐরূপ কারবারে যদ্যপি প্রত্যহ বহু টাকার মাল নগদ বিক্রয় হয় তাহা হইলে নগদ বিক্রয়ের জন্য গুদামের ১টী উপবিভাগ রাখিতে হয়। এই উপবিভাগের হিসাব রাখিবার জন্য "নগদ বিক্রয় চালান" বা রসীদ বহি এবং এক খানি স্বতন্ত্র গুদাম বহি রাখা আবশ্যক।

মূল গুদাম হইতে যখন যে দ্রব্য এই বিভাগে দেওয়া হয় (পূর্ব্বোল্লিখিত ঔষধ ব্যবসায়ীর গুদাম বহির লিখন প্রণালী দেখুন) তখন এই বিভাগের গুদাম বহিতে রপ্তানী লিখিয়া দিতে হয়। নগদ বিক্রয় বিভাগের গুদাম হইতে খরিদ বিক্রয় বাদে দৈনিক যাহা মজুত থাকে, তাহা মূল গুদাম বহিতে আমদানী লিখিয়া লইতে হয় কেননা এক মাল দুই স্থলে মজুত ধরিতে পারা যায় না।

রসীদ বহি ;—যখন যাহা নগদ বিক্রয় হয় তখনই তাহার মূল্য লইয়া এই রসীদ বহিতে কার্বনপেপার দিয়া একবারে দুই খানি রসীদ লিখিয়া একখানি খরিদ্দারকে দিতে হয় এবং একখানি নকল থাকে এই নকল সমূহ দেখিয়া গুদাম বহিতে রপ্তানী লিখিয়া লইতে হয় ;—রুজু মোকাবিলার সুবিধার জন্য রসীদে ক্রমিক নম্বর দিতে হয় এবং কি পরিমাণ কত দাম এই সকল স্পষ্ট করিয়া ইহাতে লিখিতে হয়, এই প্রণালীতে রসীদ লিখিত হইলে এই রসীদের নকল দেখিয়া গুদাম বহি লিখিতে কিম্বা মোট বিক্রয়ের হিসাব ঠিক করিতে অসুবিধা হয় না।

যে দিবস যত টাকা নগদ বিক্রয় হয় রোকড় বিভাগের রোকড় বহিতে "হরেক রকম মাল বিক্রয় খাতায় জমা দং নগদ" বলিয়া তাহা জমা করিয়া লইতে হয়। রোকড় বহিতে এইরূপ জমা করিলে মূল তহবিলও ঠিক থাকে এবং "খতিয়ানে", ও রোজনিকাশী খতিয়ানে" বিক্রয়ের হিসাবেও ভুল হয় না; কারণ এইরূপ কারবারের খতিয়ান ও রোজনিকাশী খতিয়ান জাব্দা বহির এই সকল বিভক্ত অংশ হইতে (আমদানী রপ্তানী চালান বহি ও রোকড় বহি) তুলিয়া লিখিতে হয়।

অংশ খরিদ বিক্রয়ের হিসাব রাখিবার উপায়।

যৌথ কারবারের অংশীদিগের জন্য "অংশ খরিদ বিক্রয় হিসাব বহি" নামক এক খানি খাতাতে অংশ বিক্রয়ের বিস্তৃত বিবরণ লিখিয়া অর্থাৎ অংশ ক্রেতার নাম, ধাম, অংশের পরিমাণ ইত্যাদি লিখিয়া ; জাব্দা বহিতে "অংশ বিক্রয় খাতে" প্রত্যেক ক্রেতার "মারফৎ" দিয়া জমা খরচ করিতে হয় অর্থাৎ প্রত্যেক অংশের হিসাব অন্য খাতায় স্বতন্ত্রভাবে রাখিয়া মূল খাতায় একস্থানে সকল অংশের হিসাব রাখিতে হয়।

কোষ ব্যবসায়ের হিসাব রাখিবার রোকড় বহি।

সোনা রূপা জহরতের ব্যবসা, ব্যাকিং (কোষ ব্যবসা) বিমা ইত্যাদি যে সকল কারবারে নগদ টাকা মাত্র খাটাইয়া ব্যবসা করা হয় সেই সকল কারবারের হিসাব রাখিবার জন্য অন্য এক প্রকার রোকড় বহি রাখিতে হয় ইহা জাব্দা বহিরই অনুরূপ কেবলমাত্র খরিদ বিক্রয় তক্রার প্রণালী" বাদ দিয়া "হিসাব তক্রার প্রণালীতেই" সর্ব্বপ্রকার হিসাব ঠিক করিতে হয় এবং ফিরিস্তী কাগজ বাবদে "জাব্দা জমা খরচ" না লিখিয়া "রোকড" রোপেয়া লিখিতে হয়।

জাব্দা বহিতে যেমন মারফৎ "মাঃ" বা বরাবর "বঃ" লিখিয়া খরিদ বিক্রয় তক্রার করিতে হয়, সেইরূপ এই রোকড় বহিতে "জমা খরচী" লিখিয়া হিসাব তক্রার করিতে হয়।

হাতচিটা।

প্রেরক গ্রাহককে যেমন প্রেরিত মালের বিবরণী দেন সেইরূপ কখনও কখনও গ্রাহকের নিকট প্রাপ্তি স্বীকার পত্র লিখাইয়া লয়েন, প্রাপ্তি স্বীকারপত্র লিখাইয়া লইবার জন্য একখানি খাতা রাখিতে হয় এই খাতায় গ্রাহক বা খরিদ্দার আপনার হিসাব স্বতন্ত্র ভাবে লিখিয়া ঐ হিসাবে যখন যে মাল লয়েন তখন তাহার ওজন দর দাম ইত্যাদি খুলিয়া পর পর জমা লিখিয়া দেন এবং যখন যত টাকা দেন তখন পরপর খরচ লিখিয়া দেন, এইরূপ খাতাকে হাত চিটা বলে, ইহাতে /০ এক আনা মূল্যের ষ্ট্যাম্প দিয়া গ্রাহককে সহি করিতে হয়, ইহা এক প্রকার রসীদ বহি।

হাতচিটা লিখন প্রণালী।

/৭ শ্রীশ্রী৺কালীমাতা

সন ১৩১৮।—

ইং ১৯১২।—

(টিকিট) শ্রীরাম দুলাল ঘোষ— সাং শামপুর—

হিঃ শ্রীগোপাল চন্দ্র রায়—

মোং ৩৫।৩৬নং দর্মাহাটা ষ্ট্রীট—

কলিকাতা।—

জমা——	খরচ——
তাং ২০শে চৈত্র——	তাং=২০ চৈত্র——
৭৮৲	৫০৲
গুঃ=রাম দুলাল ঘোষ—	গুঃ=রাম দুলাল ঘোষ—
কোং নাং তৈল——	
৪৴০	কোং——
	৫০৲
দঃ ১৯।। হিঃ——	
৭৮৲	
——	——
৭৮৲	৫০৲
বাদ খরচ——	
৫০৲	
দেনা——	
২৮৲	

// দাঃ সন ১৩১৮ সালের

হাতচিটা বহি—

পূর্ব্বোল্লিখিত জাব্দা জমা খরচের মধ্যে ২০.শ চৈত্র তারিখে রাম দুলাল ঘোষ নামক যে খরিদ্দার মাল লইয়াছেন তাঁহার লিখিত হাতচিটা পূর্ব্ব পৃষ্ঠায় প্রদর্শিত হইয়াছে।

খতিয়ানের ন্যায় এই হাতচিটা বহির বর্ণানুক্রমিক সূচীপত্র ও পত্রাঙ্ক লিখিয়া রাখিতে হয় ১ খাতায় অনেক খরিদ্দারের হাত চিটা লিখাইয়া লইতে পারা যায়। প্রত্যেক খরিদ্দারের হাতচিটাতে পৃথক পৃথক টিকিট দিতে হয়।

জমা খরচে ব্যবহৃত কয়েকটী বাক্য ও পদের অর্থ।

ফিরিস্তি কাগজ বাবদে জাব্দা জমা খরচ রূপেয়া = অর্থাৎ যথা নিয়মে মুদ্রা জমা খরচ লিখিবার কারণ, খাতাবন্দী কাগজ—

দিনায় রোজনামা সেহা রূপেয়া = অর্থাৎ মুদ্রার দৈনিক হিসাব বিবরণী।

ব তারিখ বা বিতারিখ = তারিখে, দিবসে।

সাল তামামী নিকাশী জমা খরচ = বৎসরের শেষ জমা খরচ বা বৎসরের ফলাফল জমা খরচ।

রোজ নিকাশী খতিয়ান = দৈনিক ফলাফল একত্রী করণ।

নিকাশ = শেষ।

একজায় খতিয়ান = প্রতি—এক স্থানে একত্রীকরণ।

খতিয়ান একজায় = একস্থানে একত্রীকরণ।

জাব্দা = নিয়ম, পদ্ধতি।

তক্রার = পুনরুল্লেখ।

পরতল = অনুসন্ধান।

সেহা = হিসাবান্তর্গত করণ, লিখন।

আমদানী = আনয়ন।

রপ্তানী = প্রেরণ।

জমা = সংগ্রহীত, (বিয়োজন)।

খরচ = প্রদত্ত (বিয়োজ্য)।

বরাবর = সমীপে, নিকটে।

বাব = রকম, (অধ্যায়)

বিমজ্জীম = অনুযায়ী।

কৈফিয়ৎ = মন্তব্য।

রোকড়=কোষ, নগদ।

খতিয়ান=একত্রীকরণ।

জায়=বিষয়ীভূত।

একজায়=এক বিষয়ীভূত।

হরজায়=নানা বিষয়ীভূত।

হর, হরেক=নানা, বহু

রেওয়া=উৎপন্ন হিসাবের শেষ ফল।

চালান=বিবরণী (প্রেরিত বস্তুর বিবরণ প্রেরণ)।

গুজরৎ=দ্বারা, দিয়া

মারফৎ=দ্বারা, দিয়া

দরুণ=হেতু, কারণ।

বাবদ্=যেহেতু, অতএব।

সালতামামী=সম্বাৎসরিক।

ফিরিস্তি=তালিকা বন্দী।

জমুল=একুন, মোট।

রূপেয়া, রুপাইয়া=মুদ্রা।

সওদা=ক্রয়, খরিদ।

বরাত=আদেশ, ফরমাইস, অনুজ্ঞা।

ওয়াদা=নির্দ্দিষ্ট বাক্য, প্রতিজ্ঞা।

মুদ্দৎ=নিরূপিত সময়।

দিনায়=দৈনিক।

রোজনামা=দৈনিক কার্য্যবিবরণী।

দরমাহা=মাসিক বেতন।

হুণ্ডি বরাতচিঠি=টাকা দিবার আদেশ পত্রিকা।

হুণ্ডি, বরাতচিঠি কি ও তাহার উদ্দেশ্য এবং লিখন প্রণালী।

টাকা দিবার জন্য যে আদেশ পত্রিকা দেওয়া হয় তাহাকে হুণ্ডি বা বরাত চিঠি বলে।

ইহা দুই শ্রেণীর, যথা দর্শনী হুণ্ডি ও মুদ্দতী হুণ্ডি। যে হুণ্ডির টাকা হাণ্ড পাইবামাত্র দিতে হয় তাহাকে দর্শনী হুণ্ডি বলে, যে হুণ্ডির টাকা দিবার একটা সময় নির্দ্দেশ করা থাকে তাহাকে মুদ্দতী হুণ্ডি বলে।

জমা খরচ করিবার সময় যে ব্যক্তি হুণ্ডি দেয় তাহার মারফৎ" দিয়া লিখিতে হয় আর যাহাকে দেয় তাহার বরাবর দিয়া লিখিতে হয়।

পূর্ব্বোল্লিখিত জমা খরচের ৩০শে চৈত্র তারিখে, ঠাকুর দাস শ্রীমানীর নামে হুণ্ডির টাকা জমা করা হইয়াছে।

লিখন প্রণালী যথা।

(রামদাস পাত্রকে দিবার জন্য গোপিলাল হাজরা নামক এক ব্যক্তি যদুনাথ পাল নামক অন্য এক ব্যক্তিকে ৫ দিনের মুদ্দতী হুণ্ডি লিখিতেছে।)

বরাতচিঠির নং ৫

/৭শ্রীশ্রী৺কালী মাতা——

জয়তি——

——

স্বাক্ষর—
শ্রীগোপিলাল হাজরা
তাং—৩১।৩।১৩ ইং
সাকিং এঁড়ে
কলিকাতা।

শ্রীযুক্ত যদুনাথ পাল——

মোং—গাজিপুর——মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রী গোপিলাল হাজরা মোং ৬৫।৬৬নং ক্যাণিং ষ্ট্রীট, কলিকাতা কস্য বরাত চিঠি * পত্রমিদং কার্য্যঞ্চাগে আমি এতদ্বারা মহাশয়কে অনুজ্ঞা করিতেছি যে আগামী ২৭শে চৈত্র মঙ্গলবার বেলা ৫টার মধ্যে মোকাম গাজিপুর নিবাসি ফতেউল্লা কোম্পানীকে ৫৩৫৷৵০ পাঁচশত পঁয়ত্রিশ টাকা দশ আনা প্রদান করিয়া আমার নামে জমা খরচ করিয়া লইবেন ও এই হুণ্ডি রসীদ যুক্তে ফেরং লইয়া আমাকে সংবাদ দিবেন, ইতি তাং ২২শে চৈত্র, বৃহস্পতিবার সন ১৩১৮ সাল।

*উল্লিখিত বরাত চিঠির স্থলে দর্শনী হুণ্ডি অথবা মুদ্দতী হুণ্ডি পত্রমিদং লেখা যাইতে পারে।

উক্ত রামদাস পাত্র এই বরাত চিঠির টাকা লইবার সময় এই বরাত চিঠির পৃষ্ঠে ৴০ এক আনা মূল্যের ষ্ট্যাম্প দিয়া "এই বরাত চিঠির লিখিত বেবাক টাকা পাইলাম" এইরূপ লিখিয়া ঐ ষ্ট্যাম্পের উপর স্বাক্ষর করিয়া দিতে বাধ্য।

মণকষা।

খরিদ করিবে মণ দিয়া যত টাকা
টাকা প্রতি অষ্ট গণ্ডা সেরের কর লেখা,
আনা প্রতি দুই কড়া গণ্ডায় আট তিল
শুভঙ্কর দাস কহে বুঝহ সুশীল।

অর্থাৎ এক মণের দাম ১৲ টাকা হইলে /১ সেরের দাম ৮ গণ্ডা হয় কারণ ৪০ সেরে মণ আর ৩২০ গণ্ডায় টাকা ৩২০ ÷ ৪০ = ৮ গণ্ডা হয় সেইরূপ /০ আনা মণ হইলে /১ সেরের দাম দুই কড়া এবং ৴১ গণ্ডা মণ হইলে /১ সেরের দাম ৮ তিল হইবে।

সাঙ্কেতিক দাম কষা—

প্রঃ ৩০॥৶০ মণ হইলে ৬।৭।৶০ দাম কত? উঃ ১৯৭৲১৬৶৶০

৩০॥৶০
৬।৭।৶০

১৮০
৩৫০

৬ মণের দাম ১৮৩৫০
।০ সেরের দাম ৭॥৶১০
/৭॥ সেরের দাম ৫।০
।৶১০
৲৭॥

১৯৭৶৭॥
বাদ ৶০ পোয়ার দাম—
/১০॥৶০

১৯৭৲১৬৸৶০

এক মণের দামের সিকি ;—ত্রিশ সিকি সাড়ে সাত টাকা এবং ॥৶০ আনার সিকি ৶১০ পয়সা;—দশ সেরের যাহা দাম হয় সাড়ে সাত সেরের দাম তাহার চারি ভাগের তিন ভাগ অর্থাৎ প্রতি টাকায় ৸০ আনা প্রতি আনায় তিন পয়সা এবং প্রতি পয়সায় ৲৩৫০ কড়া হয়।

যত টাকা মন হয় আড়াই সেরের দাম তত আনা হয়, কেন না ১৬ আনায় টাকা ৪০ সেরে মণ; ৪০ ÷ ১৬ = ২½ আড়াই। যত টাকা মণ হয় আধ পোয়ার দাম তত গণ্ডা হয়, কেন না—৩২০ গণ্ডায় টাকা ও ৩২০ আধ পোয়াতে মণ হয়।

টাকা আনা সংখ্যা যত থাকে মনের দামে
আঁকিবে ইলেক ভাই তাহাদের বামে,
ইহাতে যে ফল হয় শুন চমৎকার
ছটাকের দাম হবে অর্দ্ধেক তাহার। ইহার কারণ ঐ।

মাস মাহিনা।

মাস মাহিনা বার যত দিন তার পড়ে কত
টাকা প্রতি দশ গণ্ডা দুই কড়া দুই ক্রান্তি
আনা প্রতি দুই কড়া দুই ক্রান্তি।

অর্থাৎ ৩০ দিনে মাস হইলে যাহার মাসিক বেতন ১৲ টাকা তাহার এক দিনের বেতন ৴০॥= দশ গণ্ডা দুই কড়া দুই ক্রান্তি হয় এবং যাহার মাসিক বেতন ৴০ এক আনা তাহার ১ দিনের বেতন ।= দুই কড়া দুই ক্রান্তি হয়।

বাটাকষা।

শতকরা তঙ্কার বাটা বুঝহ সুশীল
তঙ্কা প্রতি তিন গণ্ডা তিন কাক চারি তিল
আনা প্রতি তিন কাক চারি তিল জান
একুন করিয়া বুঝ বাটার প্রমাণ।

অর্থাৎ ১০০৲ টকার বাটা ১৲ এক টাকা হইলে ১৲ টাকার বাটা তিন গণ্ডা তিন কাক চারি তিল হয় ১০০৲ টাকার বাটা ৴০ হইলে এক টাকার বাটা তিন কাক চারি তিল হয়।

(সুদকষার নিয়ম বাটাকষার ন্যায়)

মুদ্রা বিনিময় (এক্সচেঞ্জ) কষিবার নিয়ম যথা—

প্রশ্ন। যদি কলিকাতায় ১৲ টাকার বিনিময়ে ইংলণ্ডের ১ শিলিং ৩ পেন্স পাওয়া যায় এবং ইংলণ্ডের ১ পাউণ্ডের বিনিময়ে ফ্রান্সের ২৬ ফ্রাঙ্ক পাওয়া যায় তবে কলিকাতা ও ফ্রান্সের মধ্যে বিনিময়ের হার কত হইবে ?

১৲ টাকা = ১শিঃ ৩ পেঃ অর্থাৎ ১/১৬ পাউণ্ড।

১/১৬ পাঃ × ২৬ = ১৩/৮ ফ্রাঙ্ক বা ১৫/৮ ফ্রাঙ্ক।

উঃ। কলিকাতার ১৲ টাকায় ফ্রান্সের ১৫/৮ ফ্রাঙ্ক।

প্রশ্ন। যদ্যপি ১৲ টাকার বিনিময়ে ১ শিলিং ৩ পেন্স পাওয়া যায় তবে ৫০০৲ টাকার বিনিময়ে কত পাওয়া যাইবে ?

উঃ ১৲ = ১ শিঃ ৩ পেঃ।

অতএব ৫০০৲ × ১ শিঃ ৩০পেঃ বা ৫/৪ শিং = ৫০০ × ৫/৪ = ৬২৫শিলিং বা ৩১ পাউণ্ড ৫ শিলিং ?

এক দেশের মুদ্রার পরিবর্ত্তে অন্য দেশের মুদ্রা কি পরিমাণে পাওয়া যাইতে পারে বা দেওয়া যাইতে পারে, তাহা স্থির করিবার পদ্ধতিকে বিনিময় (এক্সচেঞ্জ) পদ্ধতি বলে।

একদেশ প্রচলিত যে কোন পরিমিত মুদ্রা দেশান্তর প্রচলিত যে কোন পরিমিত মুদ্রার সমান হইলে তাহাকে বিনিময়ের সমতা বা পার অফ এক্সচেঞ্জ বলা যায়।

একদেশ প্রচলিত কোন নির্দ্দিষ্ট মুদ্রার মূল্য স্বরূপ অন্যদেশ প্রচলিত যে অনির্দ্দিষ্ট পরিমিত মুদ্রা পাওয়া যায় তাহাকে বিনিময়ের হার কহে।

দুই দেশের মধ্যে মুদ্রা বিনিময় জন্য যে "বরাতচিঠি" ব্যবহৃত হয় তাহাকে বিনিময় পত্র বা বিল অফ এক্সচেঞ্জ বলে।

কোম্পানীর টাকা সিক্কা টাকাতে আনিতে হইলে কোম্পানীর টাকা ১৬ ভাগ করিয়া একভাগ বাদ দিতে হয়। কোম্পানির ১৬৲=সিক্কা ১৫৲।

ডিস্কাউণ্ট=কমতা বাটা (নির্দ্দিষ্ট মূল্য হইতে যে টাকা কম করা হয়)

প্রিমিয়ম=বাড়তা বাটা (নির্দ্দিষ্ট মূল্য হইতে যে টাকা বেশী হয়)।

উহা বাটা কষার হিসাবে কষিতে হয়।

ডেভিডেণ্ট=যৌথ কারবারের অংশীদিগের মধ্যে যে লভ্যাংশ বণ্টন করিয়া দিতে হয় তাহাকে ডেভিডেণ্ট বলে। প্রথমতঃ যাহা মুনফা হয় তাহা মূলধনের টাকাপ্রতি অথবা শতকরা কি হিসাবে পড়্‌তা হয় ঠিক করিয়া লইতে হয়। পরে যাহার যত টাকার অংশ তাহাকে তদনুযায়ী ডেভিডেণ্ট বা লভ্যাংশ দিতে হয়।

ওজন=টন, হন্দর, কোয়াটার ইত্যাদি ইংরাজী ওজনকে মণ সের, ছটাক ইত্যাদি বাজার ওজনে পরিণত করিতে হইলে যত হন্দর থাকে, তাহাকে দেড়গুণ করিয়া প্রথমতঃ ফ্যাকৃট্রি ওজনে পরিণত করিতে হয় এবং যত ফ্যাকৃট্রি ওজন হয় তাহাকে ১১ ভাগ করিয়া তাহার এক ভাগ বাদ দিতে হয়।

ইং ওজন	বাং ওজন	ইং ওজন	বাং ওজন
১ পাউণ্ড	।৶১৫	১৭ পাউণ্ড	/৮৶১৫
২ „	৷৶১০	১৮ „	/৮॥৶১০
৩ „	১।৶৫	১৯ „	/৯৶৫
৪ „	১৸৶০	২০ „	/৯॥৶০
৫ „	/১৵/১৫	২১ „	।০৶১৫
৬ „	/২৸৵/১০	২২ „	।০॥৶১০
৭ „	/৩৵/১০	২৩ „	।১৶৫
৮ „	/৩৸৵/৫	২৪ „	১॥৶০
৯ „	/৪।/১৫	২৫ „	।২৵/১৫
১০ „	/৪৸/১০	২৬ „	।২॥৵১০
১১ „	/৫।/৫	২৭ „	।৩৵/৫
১২ „	/৫৸/১০০	১ কোয়ার্টার	।৩॥৵/৫
১৩ „	/৬।/০	২ „	॥৭।১০
১৪ „	/৬৸/০	৩ „	৵/০৸৵/১
১৫	/৭।১৫	১ হন্দর	১।৪॥১৫
১৬ „	৸১০		

হঃ—কোঃ		হঃ—কোঃ	
		৫—০	৬৸২॥৶১
১—১	১॥৮৶	৫—১	৭/৬।/১৫
১—২	২/১৸/২॥	৫—২	৭॥০
১—৩	২।৫।৶৫	৫—৩	৭৸৩॥৵/৫
২—০	২॥৯/১০	৬—০	৮/৭।০
২—১	৩/২॥৶১৫	৬—১	৮॥০৸৵/১০
২—২	৩।৬।/১৫	৬—২	৮৸৪॥১৫

ইং ওজন	বাং ওজন	ইং ওজন	বাং ওজন
২—১	৸০	৬—৩	৯/৮৶০
৩—০	৪/৩৷৷৵৫	৭—০	৯৷৷১৸/০
৩—১	৪৷৭'৫	৭—১	৯৸৫৷৶৫
৩—২	৪৸০৸৵১০	৭—২	১০/৯/১০
৩—৩	৫/৪৷৷১৫	৭—৩	১০৷৷২৷৷৶১০
৪—০	৫৷৮৶০	৮—০	১০৸৬৷/১২
৪—১	৫৸১৸/০	৮—১	১১৷০
৪—২	৬/৫৷৶৫	৮—২	১১৷৷৩৷৷৵৫
৪—৩	৬৷৯/১০	৮—৩	১১৸৭৷৫
৯—০	১২৷০৸৵১০	১৩—০	১২৷৷৯/১০
৯—১	১২৷৷৪৷৷১৫	১৩—১	১৮/১৷৷৶১৫
৯—২	৫	১৩—২	১৮৷৬/১৫
৯—৩	১৩.১৸/০	১৩—৩	১৮৸০
১০—০	১৩৷৷৫৷৶৫	১৪—০	১৯/৩৷৷৵৫
১০—১	১৩৸৯/১০	১৪—১	১৯.৭৷১০
১০—২	১৪৷২৷৷৶১৫	১৪—২	১৯৸০৸৵১
১০—৩	১৪৷৷৬৷৵০	১৪—৩	২০/৪৷৷১০
১১—০	১৫/০	১৫—০	২০৷৮৶০
১১—১	১৫৷৩৷৷৵৫	১৫—১	২০৸১৸/৫
১১—২	১৫৷৷৭৷১০	১৫—২	২১/৫৷৶৫
১১—৩	১৬/০৸৵১০	১৫—৩	২১৷৯/১০
১২—০	১৬৷৪৷৷১৫	১৬—০	২১৸২৷৷৶১৫
১২—১	১৬৷৷৮৶০	১৬—১	২২/৬৷/১৫
১২—২	১৭/১৸/০	১৬—২	২২৷৷০

ইং ওজন	বাং ওজন	ইং ওজন	বাং ওজন
১২—৩	১৭।৫।৴৫	১৬—৩	২২৸৩॥৵৫
১৭—০	২৩/৭।১০	২১—০	২৮॥৫।৶৫
১৭—১	২৩॥০৸৵১০	২২—০	৩০/০
১৭—২	২৩৸৪॥১৫	২৩—০	৩১।৪॥১৫
১৭—৩	২৪/৮৶০	২৪—০	৩২॥৯/১০
১৮—০	২৪॥১৸/০	২৫—০	৩৪/৩॥৵৫
১৮—১	২৪৸৫।৶৫	২৬—০	৩৫।৮৶০
১৮—২	২৫/৯/১০	২৭—০	৩৬৸২॥৶১০
১৮—৩	২৫॥২॥৶১৫	২৮—০	৩৮/৭।৫
১৯—০	২৫৸৬।/১৫	২৯—০	৩৯॥১৸/০
১৯—১	২৬।০	৩০—০	৪০৸৬।/১৫
১৯—২	২৬॥৩॥৵৫	৩১—০	৪২।০৸৵১০
১৯—৩	২৬৸৭।৫	৩২—০	৪৩॥৫।৶৫
২০—০	২৭।০৸৵১০	৩৩—০	৪৫/০
২০—১	২৭॥৫॥১৫	৩৪—০	৪৬।৪॥১৫
২০—২	২৭৸৮৵১৫	৩৫—০	৪৭॥৯/১০
২০—৩	২৮।১৸/০	৩৬—০	৪৯/৩॥৵৫
৩৭—০	৫০।৮৶০	৩৮—০	৫১৸২॥৶১৫
৩৯—০	৫৩/৭।১০	৪০—০	৫৪॥১৸/০
৪১—০	৫৫৸৬/১৫	৪২—০	৫৭।০৸৵১০
৪৩—০	৫৮॥৫ ৶৫	৪৪—০	৬০/০
৪৫—০	৬১।৪॥১৫	৪৬—০	৬২॥৯/১০
৪৭—০	৬৪/৩॥৵৫	৪৮—০	৬৫।৮৶০
৪৯—০	৬৬৸২॥৶১০	৫০—০	৬৮/৭।৫

ডজন কষা।

১ ডজন ১৲ টাকা হইলে একটার দাম=৴৬॥= এক আনা ছয় গণ্ডা দুই কড়া দুই ক্রান্তি। ১ ডজন ৴০ আনা হইলে একটার দাম= ৻১॥= এক গণ্ডা দুই কড়া দুই ক্রান্তি হয়। ১ ডজন ৻৫ পয়সা হইলে একটার দাম= ৻।= এক কড়া দুই ক্রান্তি হয়।

১৲ ডজন হইলে	১টা—	৴৬॥=	৴০ ডজন হইলে	১টা—	৻১॥=
” ”	২টা—	৵১৩।—	” ”	২টা—	৻৩।—
” ”	৩টা—	।০	” ”	৩টা—	৻৫
” ”	৪টা—	।৴৬॥=	” ”	৪টা—	৻৬॥=
” ”	৫টা—	।৵১৩।—	” ”	৫টা—	৻৮।—
” ”	৬টা—	॥০	” ”	৬টা—	৻১০
” ”	৭টা—	॥৴৬॥=	” ”	৭টা—	৻১১॥=
” ”	৮টা—	॥৵১৩।—	” ”	৮টা—	৻১৩।—
” ”	৯টা—	৸০	” ”	৯টা—	৻১৫
” ”	১০টা—	৸৴৬॥=	” ”	১০টা—	৻১৬॥=
” ”	১১টা—	৸৵১৩।—	” ”	১১টা—	৻১৮।—
৻৫ ডজন হইলে	১টা—	৻।=	৻৫ ডজন হইলে	১টা—	৻।=
” ”	২টা—	৻৸—	” ”	৭টা—	৻২৸=
” ”	৩টা—	৻১।	” ”	৮টা—	৻৩।—
” ”	৪টা—	৻১॥=	” ”	৯টা—	৻৩৸
” ”	৫টা—	২—	” ”	১০টা—	৻৪=
” ”	৬টা—	৻২॥	” ”	১১টা—	৻৪॥—

সমাপ্ত

হুণ্ডি, বরাতচিঠি কি ও তাহার উদ্দেশ্য এবং লিখন প্রণালী।

টাকা দিবার জন্য যে আদেশ পত্রিকা দেওয়া হয় তাহাকে হুণ্ডি বা বরাত চিঠি বলে।

ইহা দুই শ্রেণীর, যথা দর্শনী হুণ্ডি ও মুদ্দতী হুণ্ডি। যে হুণ্ডির টাকা হুণ্ডি পাইবামাত্র দিতে হয় তাহাকে দর্শনী হুণ্ডি বলে, যে হুণ্ডির টাকা দিবার একটা সময় নির্দ্দেশ করা থাকে তাহাকে মুদ্দতী হুণ্ডি বলে।

জমা খরচ করিবার সময় যে ব্যক্তি হুণ্ডি দেয় তাহার মারফৎ” দিয়া লিখিতে হয় আর যাহাকে দেয় তাহার বরাবর দিয়া লিখিতে হয়।

পূর্ব্বোল্লিখিত জমা খরচের ৩০শে চৈত্র তারিখে, ঠাকুর দাস শ্রীমানীর নামে হুণ্ডির টাকা জমা করা হইয়াছে।

লিখন প্রণালী যথা।

(রামদাস পাত্রকে দিবার জন্য গোপিলাল হাজরা নামক এক ব্যক্তি যদুনাথ পাল নামক অন্য এক ব্যক্তিকে ৫ দিনের মুদ্দতী হুণ্ডি লিখিতেছে।)

বরাতচিঠির নং ৫

/৭শ্রীশ্রী৺কালী মাতা——

জয়তি——

স্বাক্ষর—
শ্রীগোপিলাল হাজরা
মোং—৮৫।৬৬ নং
ক্যানিং ষ্ট্রীট
কলিকাতা।

শ্রীযুক্ত যদুনাথ পাল——

মোং—গাজিপুর——মহাশয় বরাবরেষু——

লিখিতং শ্রী গোপালাল হাজরা মোং ৫৫।৬৬নং ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা কস্য বরাত চিঠি * পত্রমিদং কার্য্যঞ্চাগে আমি এতদ্দ্বারা মহাশয়কে অনুজ্ঞা করিতেছি যে আগামী ২৭শে চৈত্র মঙ্গলবার বেলা ৫টার মধ্যে মোকাম গাজিপুর নিবাসি ফতেউল্লা কোম্পানীকে ৫৩৫।৵০ পাঁচশত পঁয়ত্রিশ টাকা দশ আনা প্রদান করিয়া আমার নামে জমা খরচ করিয়া লইবেন ও এই হুণ্ডি রসীদ যুক্তে ফেরং লইয়া আমাকে সংবাদ দিবেন, ইতি তাং ২২শে চৈত্র বৃহস্পতিবার সন ১৩১৮ সাল।

*উল্লিখিত বরাত চিঠির স্থলে দর্শনী হুণ্ডি অথবা মুদ্দতী হুণ্ডি পত্রমিদং লেখা যাইতে পারে।

উক্ত রামদাস পাত্র এই বরাত চিঠির টাকা লইবার সময় এই বরাত চিঠির পৃষ্ঠে ৴০ এক আনা মুল্যের ষ্ট্যাম্প দিয়া "এই বরাত চিঠির লিখিত বেবাক টাকা পাইলাম" এইরূপ লিখিয়া ঐ ষ্ট্যাম্পের উপর স্বাক্ষর করিয়া দিতে বাধ্য।

মণকষা।

খরিদ করিবে মণ দিয়া যত টাকা
টাকা প্রতি অষ্ট গণ্ডা সেরের কর লেখা,
আনা প্রতি দুই কড়া গণ্ডার আট তিল
শুভঙ্কর দাস কহে বুঝহ সুশীল।

অর্থাৎ এক মণের দাম ১৲ টাকা হইলে /১ সেরের দাম ৫৮ গণ্ডা হয় কারণ ৪০ সেরে মণ আর ৩২০ গণ্ডায় টাকা ৩২০ ÷ ৪০ = ৮ গণ্ডা হয় সেইরূপ /০ আনা মণ হইলে /১ সেরের দাম দুই কড়া এবং ৫১ গণ্ডা মণ হইলে /১ সেরের দাম ৮ তিল হইবে।

সাঙ্কেতিক দাম কষা—

প্রঃ ৩০॥৵০ মণ হইলে ৬৷৭।৵০ দাম কত? উঃ ১৯৭৲১৬৵৶০

৩০॥৵০
৬৷৭।৵০

১৮০
৩৫০

৬ মণের দাম ১৮৩৫০
।০ সেরের দাম ৭॥৶১০
/৭॥ সেরের দাম ৫।০
।৶১০
৫৭॥

১৯৭৶/৭॥
বাদ ৶০ পোয়ার দাম—
/১০॥৶০

১৯৭৲১৬৸৶০

এক মণের দামের সিকি ;—ত্রিশ সিকি সাড়ে সাত টাকা এবং ॥৶০ আনার সিকি ৵১০ পয়সা;—দশ সেরের যাহা দাম হয় সাড়ে সাত সেরের দাম তাহার চারি ভাগের তিন ভাগ অর্থাৎ প্রতি টাকায় ৸০ আনা প্রতি আনায় তিন পয়সা এবং প্রতি পয়সায় ৫৩৫০ কড়া হয়।

যত টাকা মন হয় আড়াই সেরের দাম তত আনা হয়, কেন না ১৬ আনায় টাকা ৪০ সেরে মণ; ৪০÷১৬=২½ আড়াই। যত টাকা মণ হয় আধ পোয়ার দাম তত গণ্ডা হয়, কেন না—৩২০ গণ্ডায় টাকা ও ৩২০ আধ পোয়াতে মণ হয়।

টাকা আনা সংখ্যা যত থাকে মনের দামে
আঁকিবে ইলেক ভাই তাহাদের বামে,
ইহাতে যে ফল হয় শুন চমৎকার
ছটাকের দাম হবে অর্দ্ধেক তাহার। ইহার কারণ ঐ :

মাস মাহিনা।

মাস মাহিনা বার যত দিন তার পড়ে কত
টাকা প্রতি দশ গণ্ডা দুই কড়া দুই ক্রান্তি
আনা প্রতি দুই কড়া দুই ক্রান্তি।

অর্থাৎ ৩০ দিনে মাস হইলে যাহার মাসিক বেতন ১্ টাকা তাহার এক দিনের বেতন ৩০॥= দশ গণ্ডা দুই কড়া দুই ক্রান্তি হয় এবং যাহার মাসিক বেতন /০ এক আনা তাহার ১ দিনের বেতন ।= দুই কড়া দুই ক্রান্তি হয়।

বাটাকষা।

শতকরা তঙ্কার বাটা বুঝহ সুশীল
তঙ্কা প্রতি তিন গণ্ডা তিন কাক চারি তিল
আনা প্রতি তিন কাক চারি তিল জান
একুন করিয়া বুঝ বাটার প্রমাণ।

অর্থাৎ ১০০্ টকার বাটা ১্ এক টাকা হইলে ১্ টাকার বাটা তিন গণ্ডা তিন কাক চারি তিল হয় ১০০্ টাকার বাটা /০ হইলে এক টাকার বাটা তিন কাক চারি তিল হয়।

(সুদকষার নিয়ম বাটাকষার ন্যায়)

মুদ্রা বিনিময় (এক্সচেঞ্জ) কষিবার নিয়ম যথা—

প্রশ্ন। যদি কলিকাতার ১৲ টাকার বিনিময়ে ইংলণ্ডের ১ শিলিং ৩ পেন্স পাওয়া যায় এবং ইংলণ্ডের ১ পাউণ্ডের বিনিময়ে ফ্রান্সের ২৬ ফ্রাঙ্ক পাওয়া যায় তবে কলিকাতা ও ফ্রান্সের মধ্যে বিনিময়ের হার কত হইবে ?

১৲ টাকা = ১শিঃ ৩ পেঃ অর্থাৎ $\frac{১}{১৬}$ পাউণ্ড।

$\frac{১}{১৬}$ পাঃ × ২৬ = $\frac{১৩}{৮}$ ফ্রাঙ্ক বা $১\frac{৫}{৮}$ ফ্রাঙ্ক।

উঃ। কলিকাতার ১৲ টাকায় ফ্রান্সের $১\frac{৫}{৮}$ ফ্রাঙ্ক।

প্রশ্ন। যদ্যপি ১৲ টাকার বিনিময়ে ১ শিলিং ৩ পেন্স পাওয়া যায় তবে ৫০০ টাকার বিনিময়ে কত পাওয়া যাইবে ?

উঃ ১৲ = ১ শিঃ ৩ পেঃ।

অতএব ৫০০৲ × ১ শিঃ ৩ পেঃ বা $\frac{৫}{৪}$ শিং = ৫০০ × $\frac{৫}{৪}$ = ৬২৫শিলিং বা ৩১ পাউণ্ড ৫ শিলিং ?

এক দেশের মুদ্রা পরিবর্ত্তে অন্য দেশের মুদ্রা কি পরিমাণে পাওয়া যাইতে পারে বা দেওয়া যাইতে পারে, তাহা স্থির করিবার পদ্ধতিকে বিনিময় (এক্সচেঞ্জ) পদ্ধতি বলে।

একদেশ প্রচলিত যে কোন পরিমিত মুদ্রা দেশান্তর প্রচলিত যে কোন পরিমিত মুদ্রার সমান হইলে তাহাকে বিনিময়ের সমতা বা পার অফ এক্সচেঞ্জ বলা যায়।

একদেশ প্রচলিত কোন নির্দ্দিষ্ট মুদ্রার মূল্য স্বরূপ অন্যদেশ প্রচলিত যে অনির্দ্দিষ্ট পরিমিত মুদ্রা পাওয়া যায় তাহাকে বিনিময়ের হার কহে।

দুই দেশের মধ্যে মুদ্রা বিনিময় জন্য যে "বরাতচিঠি" ব্যবহৃত হয় তাহাকে বিনিময় পত্র বা বিল অফ এক্সচেঞ্জ বলে।

কোম্পানীর টাকা সিক্কা টাকাতে আনিতে হইলে কোম্পানীর টাকা ১৬ ভাগ করিয়া একভাগ বাদ দিতে হয়। কোম্পানির ১৬৲=সিক্কা ১৫৲।

ডিস্কাউণ্ট=কমতা বাটা (নির্দ্দিষ্ট মূল্য হইতে যে টাকা কম করা হয়)

প্রিমিয়ম=বাড়তা বাটা (নির্দ্দিষ্ট মূল্য হইতে যে টাকা বেশী হয়)

উহা বাটা কষার হিসাবে কষিতে হয়।

ডেভিডেণ্ট=যৌথ কারবারের অংশীদিগের মধ্যে যে লভ্যাংশ বণ্টন করিয়া দিতে হয় তাহাকে ডেভিডেণ্ট বলে। প্রথমতঃ যাহা মুনফা হয় তাহা মূলধনের টাকাপ্রতি অথবা শতকরা কি হিসাবে পড়্তা হয় ঠিক করিয়া লইতে হয়। পরে যাহার যত টাকার অংশ তাহাকে তদনুযায়ী ডেভিডেণ্ট বা লভ্যাংশ দিতে হয়।

ওজন=টন, হন্দর, কোয়াটার ইত্যাদি ইংরাজী ওজনকে মণ সের, ছটাক ইত্যাদি বাজার ওজনে পরিণত করিতে হইলে যত হন্দর থাকে, তাহাকে দেড়গুণ করিয়া প্রথমতঃ ফ্যাক্‌ট্রি ওজনে পরিণত করিতে হয় এবং যত ফ্যাক্‌ট্রি ওজন হয় তাহাকে ১১ ভাগ করিয়া তাহার এক ভাগ বাদ দিতে হয়।

ইং ওজন	বাং ওজন	ইং ওজন	বাং ওজন
১ পাউণ্ড	।৶১৫	১৭ পাউণ্ড	/৮৶১৫
২ „	৸৶১০	১৮ „	/৮॥৶১০
৩ „	/১।৶৫	১৯ „	/৯৶৫
৪ „	/১৸৶০	২০ „	/৯॥৶০
৫ „	/২।৵১৫	২১ „	।০৶১৫
৬ „	/২৸৵১০	২২ „	।০॥৶১০
৭ „	/৩৵১০	২৩ „	।১৶৫
৮ „	/৩৸৵৫	২৪ „	।১॥৶০
৯ „	/৪।/১৫	২৫ „	।২৵১৫
১০ „	/৪৸/১০	২৬ „	।২॥৵১০
১১ „	/৫।/৫	২৭ „	।৩৵৫
১২ „	/৫৸/১০	১ কোয়াটার	।৩॥৵৫
১৩ „	/৬।/০	২ „	॥৭।১০
১৪ „	/৬৸/০	৩ „	/০৸৵১০
১৫	/৭।১৫	১ হন্দর	১।৪॥১৫
১৬ „	৸১০		

ইঃ--কোঃ		ইঃ--কোঃ	
		৫—০	৬৸২॥৶১০
১—১	১॥৮৶	৫—১	৭/৬।/১৫
১—২	২/১৸/২॥	৫—২	৭॥০
১—৩	২।৫।৶৫	৫—৩	৭৸৩॥৵৫
২—০	২॥৯/১০	৬—০	৮/৭।০
২—১	৩/২॥৶১৫	৬—১	৮॥০৸৵১০
২—২	৩।৬।/১৫	৬—২	৮৸৪॥১৫

ইং ওজন	বাং ওজন	ইং ওজন	বাং ওজন
২—৩	৺৸০	৬—৩	৯/৮৶০
৩—০	৪/৩৷৵৫	৭—০	৯৷৷১৸/০
৩—১	৪।৭৫	৭—১	৯৸৫।৶৫
৩—২	৪৸০৸৵১০	৭—২	১০/৯/১০
৩—৩	৫/৪৷৷১৫	৭—৩	১০৷৷২৷৷৶১০
৪—০	৫।৮৶০	৮—০	১০৸৬।/১৭
৪—১	৫৸১৸/০	৮—১	১১।০
৪—২	৬/৫।৶৫	৮—২	১১৷৷৩৷৷৵৫
৪—৩	৬।৯/১০	৮—৩	১১৸৭।৫
৯—০	১২।০৸৵১০	১৩—০	১১৷৷৯/১০
৯—১	১০৷৷৪৷৷১৫	১৯—১	১৮/২।৶১৫
৯—২	৫	১৯—২	১৮।৬/১৫
৯—৩	১৩।১৸/০	১৯—৩	১৮৸০
১০—০	১৩৷৷৫।৶৫	১৪—০	১৯/৩।৵৫
১০—১	১৩৸৯/১০	১৪—১	১৯৭।১০
১০—২	১৪।২৷৷৶১৫	১৪—২	১৯৸০৸৵১
১০—৩	১৪৷৷৬।৵০	১৪—৩	২০/৪৷৷১০
১১—০	১৫/০	১৫—০	২০।৮৶০
১১—১	১৫।৩৷৷৵৫	১৫—১	২০৸১৸/৫
১১—২	১৫৷৷৭।১০	১৫—২	২১/৫।৶৫
১১—৩	১৬/০৸৵১০	১৫—৩	২১।৯/১০
১২—০	১৬।৪৷৷১৫	১৬—০	২১৸২৷৷৶১০
১২—১	১৬৷৷৮৶০	১৬—১	২২/৬।/১৫
১২—২	১৭/১৸/০	১৬—২	২২৷৷০

ইং ওজন	বাং ওজন	ইং ওজন	বাং ওজন
১২—৩	১৭।৫।৶৫	১৬—৬	২২৸৩৷৵৫
১৭—০	১৩৶৭।১০	২১—০	২৮৷৷৫।৶৫
১৭—১	১৩৷৷০৸৵১০	২২—০	৩০৶০
১৭—২	১৩৸৪৷১৫	২৩—০	৩১।৪।১৫
১৭—৩	২৪৶৮৶০	২৪—০	৩২৷৷৯৶১০
১৮—০	২৪৷১৸৶০	২৫—০	৩৪৶৩৷৵৫
১৮—১	২৪৸৫।৶৫	২৬—০	৩৫।৮৶০
১৮—২	২৫৶৯৶১০	২৭—০	৩৬৸২৷৶১০
১৮—৩	২৫৷৷২।৶১৫	২৮—০	৩৮৶৭।৫
১৯—০	২৫৸৬।৶১৫	২৯—০	৩৯৷৷১৸৶০
১৯—১	২৬।০	৩০—০	৪০৸৬।৶১৫
১৯—২	২৬৷৷৩।৵৫	৩১—০	৪২।০৸৵১০
১৯—৩	২৭।৫	৩২—০	৪৩৷৷৫।৶৫
২০—০	২৭।০৸৵১০	৩৩—০	৪৫৶০
২০—১	২৭৷৷৫৷১৫	৩৪—০	৪৬।৪।১৫
২০—২	২৭৸৮৵১৫	৩৫—০	৪৭৷৷৯৶১০
২০—৩	২৮।১৸৶০	৩৬—০	৪৯৶৩৷৵৫
৩৭—০	৫০।৮৶০	৩৮—০	৫১৸২৷৶১৫
৩৯—০	৫৩৶৭।১০	৪০—০	৫৪৷৷১৸৶০
৪১—০	৫৫৸৬৶১৫	৪২—০	৫৭।০৸৵১০
৪৩—০	৫৮৷৷৫।৶৫	৪৪—০	৬০৶০
৪৫—০	৬১।৪৷১৫	৪৬—০	৬২৷৷৯৶১০
৪৭—০	৬৪৶৩৷৵৫	৪৮—০	৬৫।৮৶০
৪৯—০	৬৬৸২৷৶১০	৫০—০	৬৮৶৭।৫

ডজন কষা।

১ ডজন ১৲ টাকা হইলে একটার দাম=/৬॥= এক আনা ছয় গণ্ডা দুই কড়া দুই ক্রান্তি। ১ ডজন /০ আনা হইলে একটার দাম= ৲১॥= এক গণ্ডা দুই কড়া দুই ক্রান্তি হয়। ১ ডজন ৲৫ পয়সা হইলে একটার দাম= ৲।= এক কড়া দুই ক্রান্তি হয়।

১৲ ডজন হইলে	১টা—	/৬॥=	/০ ডজন হইলে	১টা—	৲১॥=
„ „	২টা—	৵১৩।—	„ „	২টা—	৲৩।—
„ „	৩টা—	।০	„ „	৩টা—	৲৫
„ „	৪টা—	।/৬॥=	„ „	৪টা—	৲৬॥=
„ „	৫টা—	।৵১৩।—	„ „	৫টা—	৲৮।—
„ „	৬টা—	॥০	„ „	৬টা—	৲১০
„ „	৭টা—	॥/৬॥=	„ „	৭টা—	৲১১॥=
„ „	৮টা—	॥৵১৩।—	„ „	৮টা—	৲১৩।—
„ „	৯টা—	৸০	„ „	৯টা—	৲১৫
„ „	১০টা—	৸/৬॥=	„ „	১০টা—	৲১৬॥=
„ „	১১টা—	৸৵১৩।—	„ „	১১টা—	৲১৮।—

৲৫ ডজন হইলে	১টা—	৲।=	৲৫ ডজন হইলে	১টা—	৲।=
„ „	২টা—	৲৸—	„ „	৭টা—	৲২৸=
„ „	৩টা—	৲১।	„ „	৮টা—	৲৩।—
„ „	৪টা—	৲১॥=	„ „	৯টা—	৲৩৸
„ „	৫টা—	২—	„ „	১০টা—	৲৪=
„ „	৬টা—	৲২॥	„ „	১১টা—	৲৪॥—

সমাপ্ত।